দৈনিক সংবাদ

তারিখ 06 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৪

43

## রামগড় সরকারি ডিগ্রি কলেজ

# এক হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

রামগড়, ৫ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– রামগড় সরকারি ডিগ্রী কলেজ বহুমুখী সমস্যায় জর্জরিত। চরমভাবে বিঘ্নিত হচ্ছে কলেজের এক হাজার ছাত্রছাত্রীর লেখাপড়া। কর্তৃপক্ষের সমস্যা সমাধানের কোন উদ্যোগ নেই।

১৯৮০ সালে স্থাপিত রামগড় ডিগ্রি কলেজটি বছর তিনেক আগে সরকারি হলেও কলেজটির জটিলতা আজও কাটেনি। কলেজের শিক্ষক সংকট এবং প্রাক্তন অধ্যক্ষের ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগের কারণে শিক্ষকদের মধ্যে দলাদলি চরম আকার ধারণ করেছে। ফলে কলেজে অধ্যয়নরত প্রায় এক হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এক হাজার ছাত্রছাত্রীর শিক্ষাদানের জন্য শিক্ষক রয়েছেন মাত্র ২২ জন।

এদিকে প্রাক্তন অধ্যক্ষ বেলায়েত হোসেনের বিরুদ্ধে ব্যাপক অনিয়ম ও তহবিল তছরুপের অভিযোগ রয়েছে।